



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Extended Community Climate Change Project- Flood (ECCCP-Flood) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : হিসাব কর্মকর্তা

পদের সংখ্যা : ০১ টি

শিক্ষাগত যোগ্যতা : বানিজ্যে স্নাতকোত্তর পাশ। অধিক অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

বেতন : মাসিক সর্বসাকুল্যে ৩৩,৮১০ টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : লালমনিরহাট জেলার সদর উপজেলা।

প্রকল্পের মেয়াদ : এপ্রিল ২০২৪ পর্যন্ত।

অভিজ্ঞতা : কোন প্রকল্পের হিসাব রক্ষক পদে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৪০ বছর।

দায়িত্ব ও কর্তব্য :

- প্রকল্পের যাবতীয় হিসাব নিকাশ পি.কে.এস.এফ ও সংস্থার হিসাব সংক্রান্ত নীতিমালা অনুযায়ী পরিচালনা করা। প্রকল্পের মালামাল ক্রয় করার ক্ষেত্রে বিধি মোতাবেক পি.কে.এস.এফ বা সরকারের প্রচলিত প্রকিউরমেন্ট নীতিমালা অনুসরণ করা এবং প্রকল্পের সকল হিসাব নিকাশের ক্ষেত্রে নিয়মিত অভ্যন্তরীণ নিরীক্ষা নিশ্চিত করা।
- প্রকল্পের অর্থায়ন ও ব্যয়ের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে কম্পিউটার ভিত্তিক আধুনিক সফটওয়্যার ব্যবহার করা এবং প্রকল্পের আর্থিক প্রতিবেদন প্রতি মাসে পেশ করা। প্রকল্পের ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা প্রতিমাসে সামঞ্জস্যপূর্ণ না হলে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাকে যথাবিহীন অবহিত করা।
- প্রকল্পের হিসাব নিকাশ সংক্রান্ত যাবতীয় বিল, ভাউচার, ক্যাশবুক, লেজার, চেকবই ইত্যাদির যথাযথ ব্যবস্থাপনা ও সংরক্ষণ।
- প্রকল্পের আর্থিক প্রতিবেদন তৈরী করা এবং সংশ্লিষ্ট দাতা সংস্থার কাছে তা প্রেরণের ব্যবস্থা নেওয়া।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৮/০৫/২০২৩ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইল : hr@popibd.org। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

web: www.popibd.org

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ ”